# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**04-04-2026** **Time: 7.50 PM**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কোচবিহার থেকে রাজ্যে দলের নির্বাচনী প্রচার শুরু করবেন।

তৃণমূল কংগ্রেস সুপ্রিমো রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় একাধিক জনসভা করেছেন। প্রচারে বাধা দেওয়ার অভিযোগে কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরী নির্বাচন কমিশনের দ্বারস্থ।

২) কর্মসংস্থান, শিক্ষার উন্নয়ন, নারী নিরাপত্তা এবং ক্ষমতায়নের ওপর গুরুত্ব দিয়ে বামফ্রন্ট আজ আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ইস্তেহার প্রকাশ করেছে।

৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর রোডশো এবং মনোনয়ন পর্বের সময় নিরাপত্তা ব্যবস্থায় গাফিলতির অভিযোগে চার পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন।

৪) মালদার কালিয়াচকে বিচার বিভাগীয় আধিকারিকদের হেনস্থা ও ঘেরাওয়ের ঘটনায় এন আই এ তদন্তের কাজ জোরকদমে চলছে।

৫) অভিনেতার রাহুল অরুণোদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে আজ রিজেন্ট পার্ক থানায় এফআইআর করা হয়েছে। তালাসারি থানাতেও দায়ের করা হবে অভিযোগ।

৬) রাজ্যে আগামীকাল থেকে তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। আগামী দুদিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা ভোটের দিনক্ষণ এগিয়ে আসার সঙ্গে সঙ্গে জোরকদমে শুরু হয়েছে প্রচারাভিযান। বরিষ্ঠ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কোচবিহার থেকে রাজ্যে দলের নির্বাচনী প্রচার শুরু করবেন। ঐতিহাসিক রাস মেলা ময়দানে এজন্য বিজয় সংকল্প সভার আয়োজন করা হয়েছে। দুপুর তিনটে নাগাদ কোচবিহার বিমানবন্দর থেকে সড়ক পথে সভাস্থলে যাবেন তিনি। সভাকে ঘিরে জোরদার করা হয়েছে নিরাপত্তা ব্যবস্থা। প্রধানমন্ত্রীর নিরাপত্তা দল এবং স্পেশাল প্রোটেশন গ্রুপ, এস পি জি-র আধিকারিকরা ইতমধ্যেই সভাস্থলে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেছেন। সম্পন্ন হয়েছে সেনাবাহিনীর হেলিকপ্টারের ট্রায়াল ল্যান্ডিংও। জানা গেছে, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার ১৩-টি বিধানসভা কেন্দ্রের প্রার্থীদের সমর্থনে এই জনসভার আয়োজন করা হয়েছে। রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য এই সভা সফল করার আহ্বান জানিয়েছেন।

তৃণমূল কংগ্রেস সুপ্রিমো, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় একাধিক জনসভা করেন। প্রতিটি মঞ্চ থেকেই মমতা ব্যানার্জী, কেন্দ্রে বিজেপি সরকারের তীব্র সমালোচনা করেছেন। এস আই আর-এর ফলে বিরাট সংখ্যক ভোটারের নাম বাদ গেলেও মানুষের কণ্ঠ রোধ করা যাবে না বলে স্পষ্ট জানান তিনি। মালদায় এন আই তদন্তেরও সমালোচনা করেছেন তিনি।

(বাইট – মমতা )

অন্যদিকে, বহরমপুরে ভোট প্রচারের সময় আজ তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরীকে বাধা দিলে ব্যাপক উত্তেজনা ছড়ায়। দু-পক্ষের মধ্যে শুরু হয় বচসা ও ধাক্কাধাক্কি। বেশ কয়েকজন কংগ্রেস কর্মীও আহত হয়েছেন বলে জানা গেছে। অধীরবাবুর অভিযোগ, বহরমপুর পুরসভার ১৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার বিশ্বদেব কর্মকারের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস সমর্থিত দুষ্কৃতিরা এই হামলা চালিয়েছে।

এরপরই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে ই-মেলে অভিযোগ দায়ের করেছেন অধীরবাবু। তিনি জানান, পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী পদক্ষেপ করতে দল প্রস্তুত।

( বাইট – অধীর)

এদিকে, রাজ্যের বিভিন্ন জায়গা থেকে শাসক দলের বিরুদ্ধে ভোটারদের ভয় দেখানো এবং হুমকি দেওয়ার অভিযোগ আসছে। বহরমপুরে তৃণমূল কংগ্রেস নেতা রাজু মন্ডলকে গ্রেফতারের পর আজ সকালে তাকে ব্যক্তিগত জামিনে ছেড়ে দেওয়া হয়। এরপরই আবারও তার বিরুদ্ধে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে। ঘটনার ২৪ ঘণ্টার মধ্যে কিভাবে তিনি ছাড়া পলেন, তা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে।

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং দেউলি এক নম্বর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেস প্রধান হাফিজুল মোল্লাকে একই অভিযোগে গ্রেফতার করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কর্মসংস্থান, শিক্ষার উন্নয়ন, ১৬ টি ফসলের নূন্যতম সহায়কমূল্য দেড় গুন করা, নারী নিরাপত্তা এবং ক্ষমতায়নের ওপর গুরুত্ব দিয়ে বামফ্রন্ট আজ আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ইস্তেহার প্রকাশ করেছে। শরিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে কলকাতায় এই ইস্তেহার প্রকাশ করেন ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু। তিনি বলেন, ইস্তেহারে প্রতিটি পরিবারের জন্য অন্ততঃ একটি স্থায়ী কাজ, ৫ বছরের মধ্যে সমস্ত সরকারি শূন্যপদ পূরণ, প্রতি বছর এসএসসি, CSC, PSC-র মাধ্যমে নিয়োগ, ভারী ও মাঝারি শিল্প ফিরিয়ে আনা, প্রতিটি জেলায় শিল্প তালুক তৈরি, শ্রমিকের দৈনিক মজুরি ৭০০ টাকা করার উল্লেখ রয়েছে।

এছাড়াও, চারটি শ্রম কোড রাজ্যে বাতিল, সমকাজে সম মজুরি, শিক্ষায় রাজ্য বাজেটের ২০ শতাংশ, স্নাতক স্তর পর্যন্ত টিউশন ফী মুকুব, হাসপাতাল ও মেডিক্যাল কলেজে সব শূন্য পদ পূরণ, আয়কর দাতা নন এমন দের বিনা মাশুলে ১০০ ইউনিট

বিদ্যুৎ, দুর্নীতির বিরুদ্ধে আপসহীন তদন্ত, বিচারের জন্য বিশেষ তদন্ত কমিশন গঠন, ৫ বছরের মধ্যে ২০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠী তৈরি, তামান্না, অভয়া - সহ সকল নির্যাতিতার ন্যায় বিচার, উচ্চ শিক্ষায় বৃত্তি ও সংরক্ষণ, তফসিলি জাতি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য সংরক্ষনের অধিকার ও মর্যাদা ফিরিয়ে আনার উপর জোর দেওয়া হয়েছে।

সাংবাদিক বৈঠকে বিমানবাবু বলেন, কেন্দ্র ও রাজ্যের বিরুদ্ধে আগামী বিধানসভা নির্বাচনে দল লড়াই করবে।

(বাইট – বিমান বসু)

oooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে রাজ্যের বিরোধী দলনেতা তথা ভবানীপুর বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী শুভেন্দু অধিকারীর রোডশো এবং মনোনয়ন পর্বের সময় নিরাপত্তা ব্যবস্থায় গাফিলতির অভিযোগে চার পুলিশ আধিকারিককে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। এরা হলেন, কলকাতা পুলিশের ডেপুটি কমিশনার (ডিসি-II) সিদ্ধার্থ দত্ত, আলিপুর থানার ওসি প্রিয়ঙ্কর চক্রবর্তী, অতিরিক্ত ওসি চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় এবং সার্জেন্ট সৌরভ চট্টোপাধ্যায়। এই চার আধিকারিককে অবিলম্বে সাসপেন্ড করার পাশাপাশি তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্তও শুরু করারও নির্দেশ দিয়েছে কমিশন। এক চিঠিতে বলা হয়েছে, পুলিশ প্রশাসন ভবানীপুর কেন্দ্রে বিজেপি প্রার্থীর রোডশো ও মনোনয়ন চলাকালীন আইনশৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে ব্যর্থ হওয়ায় এই পদক্ষেপ।

একইসঙ্গে সংশ্লিষ্ট পদগুলি দ্রুত পূরণের জন্য রাজ্য সরকারকে প্রস্তাব পাঠাতে বলা হয়েছে। কমিশনের নির্দেশ, আগামীকাল সকাল ১১টার মধ্যে এই বিষয়ে রিপোর্ট জমা দিতে হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যে বিধানসভা নির্বাচনের আবহে জেলায় জেলায় চলছে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা দলীয় কর্মী সমর্থকদের নিয়ে মিছিল, রোড-শো এবং শোভাযাত্রা করে মনোনয়নপত্র জমা দিচ্ছেন।

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর মহকুমার ৮-টি বিধানসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীরা আজ মনোনয়নপত্র জমা দিয়েছেন। সকালে গোলবাজার রামমন্দিরে পুজো দিয়ে খড়গপুর শহরে দলীয় প্রার্থী বিজেপি-র প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ তাঁর প্রার্থী পদ পেশ করেন। দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা এবং রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সেখানে উপস্থিত ছিলেন । এর আগে সকলে সুসজ্জিত ট্যাবলোয় বর্ণাঢ্য শোভাযাত্রা করে মহাকুমা শাসকের দফতরে পৌঁছন।

বাঁকুড়ার বড়জোড়া বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী গৌতম মিশ্র আজ তাঁর মনোনয়ন পেশ করেছেন। একই সঙ্গে ওন্দা বিধানসভার দলীয় প্রার্থী সুব্রত দত্ত জেলাশাসকের দফতরে নিজের মনোনয়নপত্র জমা দেন। দলীয় কর্মী সমর্থকদের নিয়ে বিরাট মিছিল সেখানে পৌঁছয়। জয়ের ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন তাঁরা।

অন্যদিকে, এস ইউ সি আই কমিউনিষ্টের পক্ষ থেকে হাওড়া মধ্য কেন্দ্রের শ্রীরূপ দাস, হাওড়া দক্ষিণে রীতা ঘোষাল, বালিতে পুতুল চৌধুরী, শিবপুর কেন্দ্রের কার্তিক শীল সহ আরও বেশ কয়েকজন তাঁদের প্রার্থী পদ পেশ করেছেন।

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর মহাকুমা শাসকের দফতরে আজ মনোনয়ন জমা দিয়েছেন, ভাঙড়ের আই এস এফ প্রার্থী নওসাদ সিদ্দিকি। ভাঙড় থেকে বর্ণাঢ্য মিছিল করে বারুইপুর পৌঁছন তিনি। এছাড়াও ডায়মন্ডহারবার মহকুমা শাসকের দফতরে মনোনয়ন জমা করেছেন, রায়দিঘী, ফলতা, ডায়মন্ডহারবারের সি পি আই এম প্রার্থীরা।

মুর্শিদাবাদে ৫-টি মহকুমা শাসকের অফিস, জেলাশাসক ও অতিরিক্ত জেলাশাসকের দপ্তর মিলিয়ে আজ ৭ জায়গায় মনোনয়ন জমা দেন বিভিন্ন দলের প্রার্থীরা। জঙ্গীপুর মহকুমা শাসকের অফিসে মনোনয়ন পত্র জমা দিয়েছেন রাজ্যের বিদায়ী বিদ্যুৎ প্রতিমন্ত্রী মহ: আখরুজ্জামান, সুতির ৩ বারের তৃণমূল কংগ্রেস বিধায়ক ইমানী বিশ্বাস। ফারাক্কা থেকে মনোনয়ন জমা দেন সামশেরগঞ্জের দলীয় বিধায়ক আমিরুল ইসলাম।

এদিকে দলের টিকিট না পেয়ে ফারাক্কার বিধায়ক মনিরুল ইসলাম তৃণমূল কংগ্রেসের বিরোধিতা করে নির্দল হিসেবে মনোনয়ন জমা করেছেন।

রঘুনাথগঞ্জ কেন্দ্র থেকে AIMIM-এর রাজ্য সভাপতি প্রার্থী ইমরান সোলাঙ্কি তার মনোনয়ন জমা দেন।

অন্যদিকে বহরমপুরে মনোনয়ন জমা দিয়েছেন বেলডাঙা কেন্দ্রের বিজেপি প্রার্থী ভরত ঝাওর, রাণিনগর কেন্দ্র প্রার্থী পদ পেশ করেছেন সি পি আই এম প্রার্থী জামাল হোসেন। ডোমকলে মনোনয়ন জমা দেন কংগ্রেসের প্রার্থী শাহানাজ বেগম। এছাড়াও অন্যান্য কেন্দ্রে একাধিক মনোনয়নপত্র আজ জমা পড়েছে।

**উল্লেখ্য রাজ্যের দু-দফার বিধানসভা ভোটে আগামী সোমবার ৬-ই এপ্রিল প্রথম দফায় মনোনয়ন জমা দেওয়ার শেষদিন। দ্বিতীয় দফায় ৯ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার কালিয়াচকে এস আই আর-এ অ্যাজুডিকেশনে থাকা নাম ছাড়াই – বাছাই-এর কাজে যুক্ত সাত বিচার বিভাগীয় আধিকারিককে হেনস্থা ও ঘেরাওয়ের ঘটনায় আজ সকাল থেকে ফের তদন্তের কাজ শুরু করেছেন এন আই এ-র আধিকারিকরা। গতকাল রাতভর পুলিশকে সঙ্গে নিয়ে একাধিক জায়গায় অভিযান চালান তারা। গত বুধবার রাতে যে পাইলট গাড়িতে করে বিচারকদের উদ্ধার করে নিয়ে যাওয়া হচ্ছিল, সে সময় পরিস্থিতি কেমন ছিল, তা জানতে গাড়ির চালক এবং সংশ্লিষ্ট আধিকারকিদের ব্লক দফতরে ডেকে পাঠানো হয়। বিকেলে জেলা প্রশাসনিক ভবনে গিয়ে জেলাশাসক রাজন ভীর কাপুরের সঙ্গে মোথাবাড়ির ঘটনা নিয়ে কথা বলেন, কেন্দ্রীয় তদন্ত সংস্থার আধিকারিকরা। এর আগে কালিয়াচক ২ নম্বর বিডিও অফিস এবং জেলা পুলিশ সুপার দফতরে যায় তদন্তকারী দল।

এদিকে, বুধবারের ওই ঘটনার পর আপাতত ব্লক দফতরে শুনানির কাজ বন্ধ রয়েছে। যে বে-সরকারী হোটেলে ৭ জন বিচারক রয়েছেন, সেখান থেকে কড়া নিরাপত্তার মধ্যে নিজেদের কাজ সারছেন তারা। মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনীও।

অন্যদিকে, মালদার ঘটনায় তৃণমূল কংগ্রেসের স্পষ্ট যোগ রয়েছে বলে মন্তব্য করেছেন বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

(বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অভিনেতার রাহুল অরুণোদয় ব্যানার্জীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আর্টিস্ট ফোরামের তরফে আজ রিজেন্ট পার্ক থানায় এফআইআর করা হয়েছে। রাহুলের স্ত্রী প্রিয়াঙ্কা সরকার , ফোরামের তরফে প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, যীশু সেনগুপ্ত, ঋতুপর্ণা সেনগুপ্ত, বিদীপ্তা চক্রবর্তী, চিরঞ্জিত সহ বহু অভিনেতা অভিনেত্রী থানায় এসেছিলেন। ফোরামের সম্পাদক শান্তিলাল মুখোপাধ্যায় জানিয়েছেন, ঘটনার সঠিক তদন্তের দাবিতে এই পদক্ষেপ।

(বাইট- শান্তিলাল)

এদিকে, রাহুলের স্ত্রী তালসারি থানাতেও অভিযোগ করবেন বলে জানা গেছে। অন্যদিকে, আজ বিকেলে টালীগঞ্জে ছোট ও বড় পর্দার পরিচালক, অভিনেতা অভিনেত্রী ও কলাকুশলীরা প্রকৃত ঘটনার তদন্ত চেয়ে পদযাত্রায় সামিল হন।

উল্লেখ্য, গত ৩০ সে মার্চ তালসারিতে একটি সিরিয়ালের শুটিং চলাকালীন রাহুলের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে বহু বিতর্ক তৈরি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামীকাল থেকে তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে। আগামী দুদিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে।

মঙ্গলবার থেকে বাড়বে বৃষ্টির পরিমাণ। এদিকে, আলিপুরে আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় দেড় ডিগ্রী বেশি। তবে আগামীকাল থেকে তাপমাত্রা সামান্য কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট- সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জামশেদপুরে জেআরডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট ও জামশেদপুর এফ সি, র ম্যাচটি ১-১ গোলে শেষ হয়েছে। লিস্টন কোলাসোর দেওয়া গোলে মোহনবাগান এগিয়ে যায়। খেলার শেষ মুহূর্তে জামশেদপুরের পক্ষে ঋত্বিক দাস গোল করে সমতা ফেরায়। জামশেদপুর সাত ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে দ্বিতীয় এবং মোহনবাগান সমসংখ্যক ম্যাচে ১৪ পয়েন্ট পেয়ে গোল পার্থক্যে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০